



প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের প্রথম সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন ডিসি অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, ইংরেজী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোহিত উল আলম, আইন বিভাগের সভাপতি অধ্যাপক বদর উদ্দিন ও রেজিস্ট্রার মাহমুদ চৌধুরী

### প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের প্রথম সেমিনার উদ্বোধন

চট্টগ্রাম ব্যুরো : গত ২৯ জুন প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের প্রথম সেমিনার (জুলাই-ডিসেম্বর, ২০০৩)-এ এর উদ্বোধন হয়। এ উপলক্ষে আয়োজিত প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে ইংরেজী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোহিত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত একটি আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উক্ত বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ। বিশেষ অতিথি ছিলেন উক্ত বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সভাপতি অধ্যাপক বদর উদ্দিন ও রেজিস্ট্রার মাহমুদ চৌধুরী। বক্তব্য রাখেন সানসাইন গ্রামার স্কুল ও কলেজের প্রিন্সিপাল মিসেস সফিয়া রহমান ও দ্য ডেইলি টার পত্রিকার চট্টগ্রাম ব্যুরো চীফ নূরুল আলম। প্রথম সেমিনারের পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন রুকমিলা জামান ও বশির আহমেদ।

সাংস্কৃতিক পর্বে হ্যামলেট নাটকের একটি দৃশ্য অভিনীত হয়। অংশগ্রহণ করে বিভাগীয় ছাত্র-ছাত্রী গৌরব জামান ও সাবরিনা আহমেদ। আর্নেস্ট ডসনেট কবিতা আবৃত্তি করে বিভাগীয় ছাত্রী নাখিলা খানম।